

## প্রেস রিলিজ

৩০ নভেম্বর ২০২৫

### কেনিয়ার ACU আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণ শেষে দেশে ফিরেছেন বাউবি উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম কেনিয়ার রাজধানী নাইরোবিতে The Association of Commonwealth Universities (ACU) ও University of Nairobi আয়োজিত ACU Council Meeting and Congress-এ অংশগ্রহণ শেষে আজ সকালে দেশে ফিরেছেন।

কেনিয়ার নাইরোবিতে ২৫ নভেম্বর থেকে ২৯ নভেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত এ সম্মেলনে তিনি ACU Council সদস্য হিসেবে ACU Council এর বোর্ড মিটিংয়ে যোগদান করেন এবং ACU কংগ্রেসে তিনি বাউবির প্রযুক্তিনির্ভর শিক্ষা বিস্তার, উন্মুক্ত ও দূরশিক্ষার অগ্রগতি এবং কর্মমুখী শিক্ষা বাস্তবায়নে চলমান কার্যক্রম উপস্থাপন করেন। উপাচার্য অধ্যাপক ওবায়দুল ইসলাম বলেন, “কমনওয়েলথজুড়ে বিশ্ববিদ্যালয়সমূহ কেবল শিক্ষাপ্রতিষ্ঠান নয়—অর্থনৈতিক প্রবৃদ্ধি, উদ্ভাবন ও সামাজিক উন্নয়নের প্রধান চালিকাশক্তি।”

ACU-এর গবেষণার বরাতে তিনি উল্লেখ করেন যে, উচ্চশিক্ষায় ভর্তি মাত্র ১% বৃদ্ধি পেলে ২০২৯ সালের মধ্যে কমনওয়েলথের জিডিপি ২৮ বিলিয়ন ডলার পর্যন্ত বাড়তে পারে।

উপাচার্য উচ্চশিক্ষা খাতে বাজেট সংকট, সীমিত সম্পদ এবং ভর্তি হার কম থাকার চ্যালেঞ্জ তুলে ধরে টেকসই বিনিয়োগের জন্য কয়েকটি গুরুত্বপূর্ণ কৌশল প্রস্তাব করেন— পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (PPP), পারফরম্যান্স-ভিত্তিক অর্থায়ন, অ্যালামনাই ও দাতব্য তহবিল গঠন এবং ডিজিটাল রূপান্তর।

তিনি জোর দিয়ে বলেন, বিশ্ববিদ্যালয়ে বিনিয়োগ মানেই জাতীয় সমৃদ্ধি, দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং টেকসই উন্নয়নে বিনিয়োগ। প্রমাণভিত্তিক তথ্য, গবেষণা ও উদ্ভাবনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়গুলোর ভূমিকা আরও শক্তিশালী করার আহ্বান জানান তিনি।

বিশ্বের কমনওয়েলথভুক্ত দেশের ৪০০ বিশ্ববিদ্যালয়েরও অধিক বিশ্ববিদ্যালয় নিয়ে গঠিত আন্তর্জাতিক এসোসিয়েশনের এ কংগ্রেসে অ্যাসোসিয়েশন অব কমনওয়েলথ বিশ্ববিদ্যালয় সমূহের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)